

বাংলা। - بنقالي - 01/21

# সারাংশ।

ফিতরাত যে অধিকারের প্রতি আহ্বান করে এবং শরীয়ত আরবী ভাষায় যার বাস্তবায়ন ঘটিয়েছে তার সারসংক্ষেপ

আলোচকঃ ইবনু উছাইমিন (রাহিঃ)।

ড. শাইখ হাইছাম সংক্ষিপ্ত করেছেন।

মসজিদ নাবাবির সাবেক শিক্ষক, এবং  
আস সুন্নাহ ইউনিসটিটিউ এর পরিচালক।



প্রিন্ট উন্মুক্ত।

লিফলেটের অনুরাদের জন্য। : sarhaan.com — বারকোড মুছে ফেলুন।

## ১. আল্লাহ তা'য়ালার অধিকারঃ

তুমি একক ভাবে তাঁর ইবাদত করবে, তাঁর কোন শরীক নেই। তুমি তাঁর অনুগত এবং বিনয়ী বান্দা হবে, তাঁর আদেশের অনুসারী এবং নিষেধ বর্জনকারী, তাঁর সংবাদে বিশ্বাসী ও আদর্শিক বিশ্বাসী হবে। তাঁর প্রতি যথাযথ ঈমানদ্বার ও সৎ আমলকারী হবে। তাঁর প্রতি বিশ্বাসের বাস্তবতা হল তাঁর প্রতি ভালোবাসা ও সম্মান প্রদর্শন করা। এবং এর ফলাফল হল একনিষ্ঠতা।

## ২. রাসূল (সঃ) এর অধিকারঃ

তাঁর প্রতি যথাযথ সম্মান প্রদর্শন করা যেরূপ সম্মানের অধিকারী তিনি। কোন প্রকার বাড়াবাড়ি কিংবা কমতি করা যাবে না। তিনি অতীত এবং ভবিষ্যত সংক্রান্ত যে সংবাদ দিয়েছেন তার প্রতি বিশ্বাসী হওয়া। তাঁর আদেশ মান্য করা এবং নিষেধ সমূহ বর্জন করা। এবং বিশ্বাস করা যে তাঁর আনীত পথ প্রদর্শন সবচেয়ে পরিপূর্ণ ও তাঁর শরীয়ত ও পথ প্রদর্শন থেকে যাবতীয় প্রতিবন্ধকতাকে প্রতিহত করা।

## ৩. পিতা মাতার অধিকারঃ

তাদের প্রতি সদাচরণ করা, সেটি হল শারীরিক কিংবা আর্থিক কথা কিংবা কাজের মাধ্যমে তাদের প্রতি ভালো আচরণের মাধ্যমে। আল্লাহর নাফরমানী নেই এমন কাজে তাদের অনুসরণ করা এবং নিজের জন্য ক্ষতিকর নয় এমন কাজেও।

## ৪. সন্তানের অধিকারঃ

ক. আত তারবিয়া: তাদের অন্তরে চারিত্রিক এবং ধর্মীয় বিষয়াদী লালন করা যাতে এর বড় একটি প্রভাব সেখানে বিস্তার করে।

খ. কোন প্রকার অপচয় এবং কৃপনতা ব্যাতিরেখে তাদের ভরণ পোষণ করা।

গ. কোন কিছু দেয়ার ক্ষেত্রে তাদের একজনকে অন্যজনের উপর প্রাধান্য না দেয়া।

## ৫. আত্মীয় স্বজনের অধিকারঃ

সৎভাবে আত্মীয়তার সম্পর্ক রক্ষা করা। প্রয়োজনানুসারে আত্মীয়তার বন্ধন দৃঢ় করনার্থে শারীরিক ও আর্থিক সুবিধা প্রদান করা।

## ৬. স্বামি স্ত্রীর অধিকারঃ

একে অপরের সাথে সৎভাবে বসবাস করবে কোন প্রকার বিলম্ব এবং জ্বরদস্তি ব্যাতিরেকে সহনশীলতা এবং সাচ্ছন্দের সাথে তার অধিকার আদায় করা।

স্বামির প্রতি স্ত্রীর অধিকার: খাবার, পানীয়, পোষাক, বাসস্থান এজাতীয় সকল কিছু তাকে প্রদান করা এবং স্ত্রীদের মধ্যে সমতা বাস্তবায়িত করা।

স্ত্রীর প্রতি স্বামির অধিকার: আল্লাহর নাফরমানি নয় এমন কাজে তার অনুসরণ করা। তার গোপনীয়তা ও মালামাল সংরক্ষণ করবে। স্বামির জন্য ক্ষতিকর এমন কাজ থেকে সাধ্যানুযায়ী বিরত থাকবে।

## ৭. রাজা এবং প্রজাদের অধিকার:

রাজার প্রতি প্রজাদের অধিকার: আল্লাহ তাদের প্রতি যে আমানত দিয়েছেন তা রক্ষা করা, প্রজাদের জন্য কল্যানকর কাজ নিজেদের প্রতি আবশ্যকীয় করে নেয়া এবং দুনিয়া ও পরকালে কল্যানকর পথে চলা সহজলভ্য করা এটা মু'মিনদের পথ অনুসরণ করার মাধ্যমে।

প্রজাদের প্রতি বাদশাহের অধিকার: তাদের প্রতি অর্পিত দায়িত্বের ব্যাপারে তাদেরকে উপদেশ দেয়া। তারা ভুলে গেলে স্মরণ করিয়ে দেয়, তারা সত্য থেকে বিচ্যুত হয়ে গেলে তাদের জন্য দো'য়া করা। আল্লাহর নাফরমানি নয় এমন কাজে তাদের অনুসরণ করা এবং সহযোগীতা করা।

## ৮. প্রতিবেশির অধিকারঃ

প্রতিবেশি হল যে তোমার বাড়ীর পাশে বসবাস করে। সাধ্যানুসারে আর্থিক কিংবা অন্যান্য উপায়ে তাদের প্রতি অনুগ্রহ করবে। কথা এবং কাজের মাধ্যমে তার থেকে কষ্টদায়ক জিনিষ প্রতিহত করবে।

ক. যদি সে বংশীয় সূত্রে তোমার নিকটে থাকে এবং সে মুসলিম, তার রয়েছে তিনটি অধিকার।

প্রতিবেশির অধিকার

আত্মীয়ের অধিকার

ইসলামের ধর্মিকার

খ. যদি সে মুসলিম হয় কিন্তু বংশীয় সূত্রে নিকটে না থাকে তাহলে তার রয়েছে দুটি অধিকার।

প্রতিবেশির অধিকার

ইসলামের অধিকার

গ. যদি সে নিকটবর্তী হয় কিন্তু মুসলিম নয় তার রয়েছে দুটি অধিকার।

প্রতিবেশির অধিকার

নিকটাত্মীয়ের অধিকার

ঘ. যদি সে দূরবর্তী হয় এবং মুসলিম না হয় তার রয়েছে একটি অধিকার,

প্রতিবেশির অধিকার

## ৯. সাধারণ মুসলিমদের অধিকারঃ

তাকে সালাম দেয়া, ডাকে সাড়া দেয়া, পরামর্শ চাইলে উত্তম পরামর্শ দেয়া, হাচি দিয়ে আলহামদুলিল্লাহ বললে তার জবাব দেয়া, অসুস্থ্য হলে দেখতে যাওয়া, মারা গেলে তার জানাযার অনুসরণ করা এবং তার থেকে কষ্টদায়ক বস্তু প্রতিহত করা।

এক মুসলিমের উপর অপর মুসলিমের অসংখ্য অধিকার রয়েছে। যার সামগ্রিক ভাবার্থ হল রাসূল (সঃ) এর এই কথাটি: একজন মুসলিম অপর মুসলিমের ভাই। যখন সে এই ভ্রাতৃত্বের প্রয়োজনীয়তা পূরণ করেন তখন সে চেষ্টা করে তার জন্য সব ভালো কিছু করতে এবং তার জন্য ক্ষতিকর এমন বস্তু প্রতিহত করতে।

## ১০. অমুসলিমদের অধিকারঃ

মুসলিমদের বাদশাহের উপর আবশ্যিক হল তাদের প্রতি ইসলামের বিধান অনুপাতে কার্য ফায়সালা করা, তার জান, মাল ও সম্মানের ক্ষেত্রে। তারা যা হারাম মনে করে সে বিষয়ে সীমারেখা বাস্তবায়ন করা। তার উপর আবশ্যিক হল তাদের নিরাপত্তা দেয়া এবং তাদের থেকে অনিষ্টকর বস্তু প্রতিহত করা। মুসলিমদের পোষাক হতে তাদের পোষাক আলাদা করা এবং ইসলামে অপছন্দনীয় এমন কোন জিনিষের প্রদর্শন না করা কিংবা তাদের কোন ধর্মীয় বিষয়াদী যেমন:

ঘন্টা বাজানো কিংবা কুরুশ,,,,



## সূচিপত্র

১. আল্লাহ তা'য়ালার অধিকার: তুমি একক ভাবে তাঁর.....	১
২. রাসূল (সঃ) এর অধিকার:.....	১
৩. পিতা মাতার অধিকার:.....	১
৪. সন্তানের অধিকার:.....	২
৫. আত্মীয় স্বজনের অধিকার:.....	২
৬. স্বামি স্ত্রীর অধিকার:.....	২
৭. রাজা এবং প্রজাদের অধিকার:.....	৩
৮. প্রতিবেশির অধিকার:.....	৪
৯. সাধারণ মুসলিমদের অধিকার:.....	৫
১০. অমুসলিমদের অধিকার:.....	৫



আস সূন্বাহ ইউনিসটিটিউ  
mahadsunnah.com



শাইখ এর ওয়াব সাইড  
alsarhaan.com